

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



### আমাদের শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবারদের মতামত শুনছি

প্রিয় নিউ ইয়র্কবাসী,

মানুষ প্রায়শই আমাকে NYC পাবলিক স্কুলস্-এর চ্যান্সেলর হিসেবে আমার দৈনন্দিন অভিজ্ঞতা বর্ণনা করতে বলে। যদিও আমার সময়সূচি প্রকৃতপক্ষেই ভিন্ন ভিন্ন হয়, তবে একটি বিষয় সবসময়ই ধ্রুব: প্রতিদিন, আমি শুনি। কোনো স্কুলে পরিদর্শনেই হোক, কোনো মিটিং চলাকালেই হোক, কিংবা CEC টাউন হল চলাকালেই হোক, আমাদের NYCPS কমিউনিটির কাছ থেকে প্রকৃতপক্ষেই না শুনে আমি আমার কাজ যথাযথভাবে করতে পারি না।

সেজন্যে আমি বিশ্বাস করি যে [NYC স্কুল সংক্রান্ত জরিপটি](#) হচ্ছে আমাদের কাছে থাকা সবচেয়ে শক্তিশালী উপকরণগুলোর একটি। এটা আমাদের সিস্টেমের প্রতিটি লিডার সরাসরি শিক্ষার্থী, পরিবার, ও স্টাফদের কাছ থেকে শুনছেন তা নিশ্চিত করে।

এই জরিপগুলো অত্যন্ত মূল্যবান তথ্যে ভরপূর। শিক্ষার্থীরা শিক্ষায়তনিকভাবে চ্যালেঞ্জ অনুভব করছে কি? স্টাফগণ সমর্থিত অনুভব করছেন কি? পরিবারেরা স্বাগত বোধ করছেন কি? স্থানীয় এবং কেন্দ্রীয়, উভয় পর্যায়েই, আমাদের স্কুলগুলোর উন্নতি করতে তীক্ষ্ণ ও অর্থবহ পরিবর্তন সাধনে আমরা এই প্রশ্নাবলীর উত্তরগুলো ব্যবহার করি।

সেজন্যে আমি আনন্দের সাথে জানাচ্ছি যে 2024 NYC স্কুল সংক্রান্ত জরিপ এই সপ্তাহে শুরু হয়েছে, এবং শিক্ষক, পরিবার, এবং 6-12 গ্রেডের শিক্ষার্থীরা 5 এপ্রিল পর্যন্ত [NYCSchoolSurvey.org](https://nycschoolsurvey.org) -এ পূরণ করতে পারেন। এছাড়াও পরিবারেরা একটি কাগজের কপি পাবেন, যা 10-টি ভিন্ন ভাষায় লভ্য আছে।

এখানে কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ দেয়া হলো: জরিপটি পূরণ করতে, শিক্ষার্থীদের তাদের নয়-রাশির স্টুডেন্ট আইডেন্টিফিকেশন (OSIS) নম্বর প্রয়োজন হবে, যা তাদের রিপোর্ট কার্ড, শিক্ষার্থীর আইডি (ID) কার্ড, অথবা তাদের স্কুলে অনুরোধ করে পাওয়া যাবে। পরিবারেরা তাদের সন্তানের OSIS নম্বরের আগে “f” বসিয়ে, অথবা [NYCSA](https://nycsa.org)-এ লগ ইন করে, এই জরিপটি পূরণ করতে পারেন। এবং শিক্ষকগণ এবং যোগ্য সহায়ক স্টাফগণ, তাদের স্কুলের জরিপ সমন্বয়কারী (সার্ভে কোঅর্ডিনেটর) দ্বারা দেয়া এলোমেলোভাবে সৃষ্ট অ্যাক্সেস কোড ব্যবহার করে অনলাইনে জরিপটি পূরণ করতে পারেন।

এটা আমাদের এই জরিপটির 18-তম পরিচালনা, যা দেশের বৃহত্তম বার্ষিক জরিপগুলোর একটি। এবং যদিও বৈশ্বিক মহামারী (প্যান্ডেমিক) চলাকালে অংশগ্রহণ করে গিয়েছিল, এখন আমাদের বৃদ্ধি পাচ্ছে এবং অন্য যেকোনো সময়ের চেয়ে বেশি সংগ্রহের আশা করছি। আমাদের প্রতিটি স্কুল কমিউনিটিকে আমি 100% অংশগ্রহণে পৌঁছাতে চ্যালেঞ্জ করছি—যেমনটি কুইন্সের IS 141 গত বসন্তে করেছে!

এখন থেকে 5 এপ্রিলের মধ্যে NYC স্কুল সংক্রান্ত জরিপটি পূরণ করুন এবং আপনার মত প্রকাশ করুন। NYCPS-তে, আমরা পাশেই আছি এবং শোনার জন্য প্রস্তুত।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যানেলের

আমাদের স্পটলাইট ভিডিও:



সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।